META BUSINESS SUITE

কমেন্ট করলে ইনবক্সে মেসেজ


কেউ আপনার পোস্টে নির্দিষ্ট একটা শব্দ কমেন্ট করলে তার ইনবক্সে নিজে থেকেই মেসেজ চলে যাবে। ফেসবুকের নিজের সুবিধা, কোনো টাকা লাগে না। নিচের ছবিগুলো আসল স্ক্রিন থেকে নেওয়া, অন্য মানুষের নাম আর ছবি ঢেকে দেওয়া হয়েছে।

01 শুরু করার আগে

কম্পিউটার লাগবে	মোবাইলের অ্যাপে এই অপশনটা নেই। ল্যাপটপ বা ডেস্কটপ থেকে করতে হবে।
পেজের দায়িত্ব	আপনি পেজটির অ্যাডমিন হতে হবে, নাহলে অপশনটা দেখাবে না।
সময়	প্রথমবার ৫ থেকে ১০ মিনিট। এরপর আর কিছু করতে হয় না।


02 ধাপে ধাপে সেটআপ

1 কম্পিউটারে `business.facebook.com` খুলুন, পেজটি বেছে নিন, তারপর বাঁ পাশের তালিকা থেকে `Inbox` -এ যান।




বাঁ পাশের তালিকা। Inbox এখানে।

2 উপরে `Automations` লেখা আছে, সেখানে যান। ডান পাশে `Create automation` বোতামটা পাবেন।




Inbox এর ভিতরে Automations, আর ডানে Create automation।

3 অনেকগুলো টেমপ্লেট দেখাবে। নিচের দিকে `Comment to message` খুঁজে নিন। এটাই আপনার দরকার।




ডান পাশেরটা, Comment to message।

4 কোন শব্দে মেসেজ যাবে সেটা লিখে দিন। **সর্বোচ্চ ১০টা শব্দ** দিতে পারবেন, ঘরটাতেই লেখা আছে।



"Enter up to 10 keywords" — দশটা পর্যন্ত শব্দ।

5 তারপর মেসেজটা লিখুন। এখানে একটা জিনিস খেয়াল করার মতো: ফেসবুক **কমেন্টের উত্তরও দেবে, আবার আলাদা করে প্রাইভেট মেসেজও পাঠাবে**। স্ক্রিনেই লেখা আছে। লিখে সেভ করে চালু করে দিন।



"Reply to the comment, then send a private message" — দুইটাই হয়।

03 কোন শব্দটা বেছে নেবেন

শব্দটা ছোট, সহজ আর পরিচিত হলে সবচেয়ে বেশি মানুষ কমেন্ট করে। যেমন `link`, `দাম`, `অর্ডার`।

যে শব্দ মানুষ এমনিতেই কমেন্টে লেখে, সেটা বেছে নিলে একটা অসুবিধা আছে: অন্য পোস্টের কমেন্ট থেকেও মেসেজ চলে যাবে, আর কোন পোস্ট থেকে এসেছে বোঝা যাবে না। হাতে দশটা জায়গা আছে, তাই প্রতিটা পোস্টে আলাদা শব্দ দিলে এই সমস্যা হয় না।

04 মেসেজে কী লিখবেন

যেটা আপনার কাজে লাগে, হুবহু কপি করে বসিয়ে নিন।

যদি ফাইল বা লিংক দেন

ধন্যবাদ কমেন্ট করার জন্য। এই যে আপনার লিংক: [আপনার লিংক]
কোনো সমস্যা হলে এখানেই জানাবেন, আমি দেখব।

যদি ব্যবসা করেন

আসসালামু আলাইকুম। দাম জানতে চেয়েছেন, এই যে তালিকা: [লিংক]
কোনটা নিতে চান বললে আমি বিস্তারিত বলে দিচ্ছি।

যদি পরের বার আবার পেতে চান

এই নিন আপনার রিসোর্স: [লিংক]
পেজটা ফলো করে রাখলে পরের গুলোও পেয়ে যাবেন।


05 যে নিয়মগুলো জানা দরকার

দশটা শব্দ	একটা অটোমেশনে সর্বোচ্চ দশটা শব্দ রাখা যায়। স্ক্রিনে লেখা আছে।
দুই জায়গাতেই চলে	Messenger আর Instagram, দুইটার জন্যই একই অটোমেশন কাজ করে।
সাত দিনের সময়	কেউ কমেন্ট করার সাত দিনের মধ্যেই প্রাইভেট মেসেজটা যেতে হবে। এটা ফেসবুকের নিয়ম, অটোমেশনের পর্দায় লেখা নেই।
শব্দ মিলতে হয়	যে শব্দটা লিখে দিয়েছেন, কমেন্টে সেটাই থাকতে হবে। বানান এদিক-ওদিক হলে মেসেজ যাবে না।

06 কাজ না করলে যা দেখবেন

অন্য আইডি দিয়ে দেখুন	পেজের অ্যাডমিন হিসেবে করা কমেন্টে সবসময় মেসেজ যায় না। সাধারণ একটা আইডি থেকে পরীক্ষা করুন।
চালু আছে কিনা	অটোমেশনের উপরে On/Off সুইচটা দেখুন, সত্যিই On আছে কিনা।
বানান	কমেন্টে লেখা শব্দ আর সেটআপে দেওয়া শব্দ মিলিয়ে দেখুন।
মোবাইল থেকে করছেন	অ্যাপে এই অপশন নেই। কম্পিউটার থেকে আবার চেষ্টা করুন।

07 ঠিকমতো হলে যা দেখবেন



অটোমেশন থেকে যাওয়া আসল মেসেজ।
